দৈনিক ইত্তেফাক

075

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 15 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 6

## ছাত্রদের জ্ঞান অর্জনে আত্মনিয়োগ করার আহবান

বেগম রওশন এরশাদ জাতির উজ্জ্বল ও সমৃদ্ধ ভবিষ্যতের জন্য নিজেদের গড়িয়া তুলিতে ছাত্রদের জ্ঞান অর্জনে আত্মনিয়োগ করার আহ্বান জানাইয়াছেন।

বাসস জানায়, বেগম এরশাদ

(২য় পৃঃ দ্রঃ)

## ছাত্রদের জ্ঞান অর্জনে

( ১ম পৃঃ পর )

গতকাল (সোমবার) মতিঝিল গভর্ণমেন্ট গার্লস হাইস্কুলে আকস্মিক পরিদর্শনে গিয়া ছাত্রীদের সঙ্গে আলাপ করিতেছিলেন।

তিনি স্কুলের শিক্ষাদানের মান সম্পর্কে অবহিত হওয়ার উদ্দেশ্যে প্রতিটি ক্লাসের ছাত্রীদের সঙ্গে সাক্ষাৎ করেন। তিনি তাহাদের শিক্ষা জীবনের সমস্যা এবং প্রয়োজন সম্পর্কেও খোঁজ-খবর নেন। ছাত্রীরা তাঁহাকে বেডমিন্টন ও টেবিল টেনিস সেটসহ ক্রীড়া সরঞ্জাম এবং অন্যান্য আভ্যন্তরীণ খেলা ও সাংস্কৃতিক কার্যক্রমের প্রয়োজনীয়তা সম্পর্কে অবহিত করেন।

বেগম এরশাদ যতশীঘ্র সম্ভব তাহাদের জন্য এগুলির ব্যবস্থা করার আশ্বাস দেন।

তিনি স্কুলের প্রস্তাবিত মিলনায়তনের স্থানও পরিদর্শন করেন এবং আশ্বাস দেন যে, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

বেগম রওশন এরশাদ স্কুলের বিভিন্ন শাখা ঘুরিয়া দেখেন এবং রক্ষণাবেক্ষণে অব্যবস্থায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি স্কুলের বিভিন্নস্থানে বিদ্যুতের খোলা তার দেখিতে পান, যা ছাত্রীদের জন্য বিপদ ডাকিয়া আনিতে পারে। তাঁহাকে জানান হয় যে, এব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা সত্বেও এ পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয় নাই।

শিক্ষিকাদের সঙ্গে আলাপকালে তিনি তাহাদের বাগান করিয়া স্কুল অঙ্গন সুন্দর ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ গড়িয়া তোলার পরামর্শ দেন। তিনি স্কুলের রন্ধনশালাও পরিদর্শন করেন এবং ইহাকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার পরামর্শ দেন।

পরে বেগম রওশন এরশাদ নিউ ইস্কাটনে কচিকণ্ঠ স্কুল পরিদর্শন করেন। সেখানে স্কুল ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঙ্গে আলাপকালে স্কুলে অধিক ছাত্র-ছাত্রী যাহাতে পড়ার সুযোগ পায় সেজন্য সেখানে ডাবল শিফট চালু করার উপর গুরুত্ব আরোপ করেন।

বেগম এরশাদ স্কুল ছুটির পর বাড়ী ফিরার জন্য অপেক্ষমাণ ছোট শিশু তাসনিমকে আদর করেন।